সীমান্ত থেকে ৫ বাংলাদেশি নাগরিককে ধরে নিয়ে গেছে বিএসএফ

ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলার কাঠালডাঙ্গী সীমান্ত থেকে ৫ বাংলাদেশি নাগরিককে ধরে নিয়ে গেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ।

বিজিবি জানায়, আটককৃতরা- হরিপুর উপজেলার আটগরিয়া গ্রামের আইজুল হকের ছেলে রুবেল মিয়া ও জালাল উদ্দিন, একই গ্রামের জয়নুল হকের ছেলে মাহাবুব আলম ও মীরগড় গ্রামের সামশুল হকের ছেলে মাসুদ মিয়া। তারা সবাই ভারতে অবৈধভাবে ছিল। আজ তারা সবাই হরিপুরের কাঠালডাঙ্গী সীমান্তের ৩৬৯ নং পিলার সংলগ্ন এলাকা দিয়ে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করে। এ সময় ভারতের উত্তর দিনাজপুর জেলার গোয়ালপুকুর থানার নারগাঁও নামকস্থান থেকে ভারতীয় লোকজন তাদের আটক করে। পরে নারগাঁও বিএসএফ ক্যাম্পে হস্তান্তর করা হলে তাদের ধরে নিয়ে যায়।

এ বিষয়ে ঠাকুরগাঁও ৫০ ব্যাটালিয়ান বর্ডার গার্ডের ভারপ্রাপ্ত অধিনায়ক মোহাম্মদ রাজ মাহমুদ আজ রাতে জানান, আটককৃত পাঁচ বাংলাদেশিকে ফেরত চেয়ে বিএসএফকে পতাকা বৈঠকের আহবান জানালে বিএসএফর পক্ষ থেকে জানানো হয় অবৈধভাবে অনুপ্রবেশের কারণে তাদেরকে থানায় হস্তান্তর করা হয়েছে।